# টেকনাফে পাহাড় থেকে পড়ে আহত বন্য হাতির মৃত্যু



ছবি: সংগৃহীত

কক্সবাজারের টেকনাফে প্রায় ৩০০ ফুট উঁচু পাহাড় থেকে পড়ে গুরুতর আহত হওয়া একটি বন্য মা হাতির মৃত্যু হয়েছে। রোববার (১২ জুলাই) সকাল ১০টার দিকে চিকিৎসাধীন অবস্থায় হাতিটি মারা যায়।

এর আগে শনিবার (১১ জুলাই) বিকেল ৩টার দিকে টেকনাফ সদর বিটের শিয়াইল্যা ঘোনা এলাকায় পাহাড় থেকে পড়ে গুরুতর আহত হয় প্রাণীটি।

কক্সবাজার দক্ষিণ বন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন জানান, পাহাড় থেকে পড়ে আহত হওয়ার পর হাতিটির শারীরিক অবস্থা আশঙ্কাজনক ছিল। বন বিভাগের তত্ত্বাবধানে চিকিৎসা চললেও শেষ পর্যন্ত রোববার সকালে ঘটনাস্থলেই মারা যায় বন্য মা হাতিটি।

এদিকে, ঘটনাটি উচ্চপর্যায়ে নজরে আসার পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত চিকিৎসা নিশ্চিত করার নির্দেশনা দেয়। নির্দেশনা অনুযায়ী বন বিভাগ ও সংশ্লিষ্ট সংস্থাগুলো হাতিটির চিকিৎসা কার্যক্রম শুরু করে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এক মুখপাত্র গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

LENS ASIA